দৈনিক সংবাদ

তারিখ ... 10 JUL 1997 ...
পৃষ্ঠা ...৫... কলাম ...৫...

# এসএসসি পরীক্ষা ১৯৯৭

## শিক্ষানীতি হতে হবে যুগোপযোগী

।। নুরুর রহমান ।।

কুমিল্লা, ৯ই জুলাই।– কুমিল্লা বোর্ডের এসএসসিতে সমাজ বিজ্ঞানে প্রথম কামরুল হাসান চৌধুরী মনে করে শিক্ষানীতি পরিবর্তনে সরকারের চিন্তা–ভাবনা যুগোপযোগী। কামরুল বলেছে, বর্তমান সরকার একই পদ্ধতির শিক্ষানীতি চালুর যে উদ্যোগ নিয়েছে তা অভিনন্দনযোগ্য, কারণ বর্তমান পদ্ধতিতে ছাত্রছাত্রীরা বৈষম্যের শিকার হচ্ছে, সে ভবিষ্যতে অর্থনীতিবিদ হতে চায়।

কুমিল্লা ক্যাডেট কলেজের ছাত্র কামরুল ৬টি বিষয়ে লেটারসহ ৮৮১ নম্বর পেয়েছে। তার রোল কুম নং ৫৪৪৪৫৯। কামরুলের পিতা আবদুল মতিন চৌধুরী কুমিল্লা জেলা প্রশাসকের কার্যালয়ের অফিস সহকারী। মা সৈয়দা লুৎফুন্নেসা একজন গৃহিনী। ৩ বোন, ২ ভাইয়ের মধ্যে কামরুল তৃতীয়। সুস্থ ছাত্র রাজনীতিতে তার আপত্তি নেই। অবসরে সে বই পড়ে। প্রিয় লেখক হুমায়ূন আহমেদ। সে নিয়মিত ৩ ঘন্টা লেখাপড়া করেছে।

### ছাত্র রাজনীতি পছন্দ নয়

কুমিল্লা বোর্ডে এবারের এসএসসি পরীক্ষায় কাজী ইসরাত জাহান সাধারণ বিজ্ঞান বিভাগে মেয়েদের মেধা তালিকায় প্রথম স্থান অর্জন করেছে। ইসরাত ভবিষ্যতে চিকিৎসক হতে চায়। সম্মিলিত মেধা তালিকায় তার স্থান সপ্তম।

কুমিল্লা নওয়াব ফয়জুন্নেসা বালিকা উচ্চ বিদ্যালয়ের ছাত্রী ইসরাত পরীক্ষার আগে প্রতিদিন ১৫/১৬ ঘন্টা লেখাপড়া করেছে। ফলাফলে সে সন্তুষ্ট। ২ বোনের মধ্যে সে বড়। তার পিতা মাবুদ মিয়া কাজী কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজের প্রধান সহকারী। ইসরাত ছাত্ররাজনীতি একদম পছন্দ করে না। পাঠ্যবই ছাড়া অন্য বই এবং পত্র–পত্রিকাও তার খুব একটা পড়া হয়ে ওঠে না।



রংপুর ঃ সম্মিলিত মেধা তালিকায় দ্বিতীয় তাসলিমা নাসরিন বামে মা মাসুদা বারী ডানে বাবা ডঃ আঃ বারী। — সংবাদ

## প্রচলিত শিক্ষা পদ্ধতি মেধা বিকাশের জন্য যথেষ্ট মনে করে তাসলিমা নাসরিন

রংপুর, ৯ই জুলাই।– রাজশাহী মাধ্যমিক উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের অধীনে তাসলিমা নাসরিন এবারে রংপুর ক্যান্টঃ পাবলিক স্কুল ও কলেজ থেকে সম্মিলিত মেধা তালিকায় দ্বিতীয় স্থান অধিকার করেছে। তার প্রাপ্ত নম্বর ৯৪১। সে সকল বিষয়ে লেটার নম্বর পেয়েছে।

রংপুর মেডিক্যাল কলেজের সহযোগী অধ্যাপক ডাঃ আঃ বারী বাবা ও গৃহিণী মা মাসুদা বারীর ২ কন্যা ও ১ পুত্রের মধ্যে তাসলিমা নাসরিন হলো প্রথম। সে জানায়, ভাল ফলাফলের জন্য প্রথম নিজের ইচ্ছাশক্তি ও পরিশ্রম অপরিহার্য। তার ভাল ফলাফলের জন্য তার মায়ের অনুপ্রেরণা সবচেয়ে বেশি কাজ করেছে। তার প্রিয় সাহিত্য ব্যক্তিত্ব রবীন্দ্রনাথ ঠাকুর। বই পড়া, ছবি আঁকা, আবৃত্তি শোনা তার নেশা। সে ইংরেজি, বাংলা ও অংক বিষয়ে গৃহশিক্ষকের কাছে পড়াশুনা করেছে। নিয়মিত ১৫/১৬ ঘন্টা পড়াশুনা করত।

সে মনে করে বর্তমান প্রচলিত শিক্ষা পদ্ধতি মেধার পরিপূর্ণ বিকাশে যথেষ্ট। শিক্ষাঙ্গনে প্রচলিত ধারার রাজনীতি তার অপছন্দ। সে সন্ত্রাসমুক্ত শিক্ষাঙ্গন ও রাজনীতির পক্ষে। তার ইচ্ছে কম্পিউটার ইঞ্জিনিয়ার হওয়ার। সে মনে করে নারী মুক্তি আন্দোলন আমাদের দেশে অবহেলিত–নির্যাতিত পিছিয়ে পড়া নারী সমাজকে আরো সচেতন করার জন্য জোরদার করা প্রয়োজন। মহীয়সী নারী বেগম রোকেয়া তার আদর্শ ব্যক্তিত্ব।

## মির্জাপুর ক্যাডেট কলেজ

## ৫ বছর পর ফিরে পেয়েছে তাদের হারানো গৌরব

মির্জাপুর (টাঙ্গাইল) ৯ জুলাই (নিজস্ব সংবাদদাতা)।– গত মঙ্গলবার প্রকাশিত এসএসসি পরীক্ষার বিজ্ঞান বিভাগে দ্বিতীয় এবং মানবিক বিভাগের ৫ম স্থানসহ ঢাকা বোর্ডের মেধা তালিকায় মোট ২১টি স্থান দখল করে মির্জাপুর ক্যাডেট কলেজ দীর্ঘ ৫ বছর পরে তার হৃত গৌরব পুনরুদ্ধার করেছে।

বিজ্ঞান বিভাগে ২য় স্থান ছাড়াও ৩য়, ৪র্থ, ৫ম, ৯ম (৩ জন) ১০ম, ১৫তম, ১৬তম, ১৭তম, (২ জন), ১৮তম (২ জন) এবং ১৯তম (২ জন) এই ১৬ জন ছাত্র বিরল কৃতিত্ব দেখিয়েছে। এছাড়া মানবিক বিভাগে ৫ম স্থান ছাড়াও ৬ষ্ঠ, ৭ম, ১০ম এবং ১২তম স্থান এই প্রতিষ্ঠানের ছাত্ররা এ বছর ঢাকা বোর্ডের এসএসসি পরীক্ষায় দখল করেছে।

এ বছর এসএসসি পরীক্ষায় প্রতিষ্ঠানটির বিরল কৃতিত্বের জন্য বর্তমানে অধ্যক্ষ লেঃ কর্নেল মকবুলুর রহমান খানের অবদানই বেশি বলে কলেজের শিক্ষকমন্ডলী সংবাদ প্রতিবেদককে জানিয়েছেন।

## রাজশাহী বোর্ডে সমাজ বিজ্ঞান বিভাগে প্রথম জান্নাতুল ফেরদৌস মিতি প্রচলিত ছাত্র রাজনীতির বিপক্ষে

।। মাহবুবুর রহমান ।।

রংপুর, ৯ই জুলাই।– রংপুর ক্যান্টঃ পাবলিক স্কুল ও কলেজের ছাত্রী জান্নাতুল ফেরদৌস মিতি রাজশাহী মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড থেকে সমাজ বিজ্ঞান বিভাগে প্রথম হয়েছে। তার প্রাপ্ত নম্বর ৮৪৫, রোল ছিল ৫৭৫৮৮১। সে ৫টি বিষয়ে লেটার নম্বর পেয়েছে।

আজ তার সাথে কথা বললে সে জানায়, বাংলাদেশের নিগৃহীত, নির্যাতিত, অবহেলিত নারী সমাজের মুক্তির জন্য মহীয়সী নারী বেগম রোকেয়া যে আলোর প্রদীপ জ্বালিয়ে গেছেন সে আলো আরো সারাদেশে ছড়িয়ে দেয়ার জন্য আমি কাজ করে যেতে চাই। সে কারণে আমি নিজেকে একজন ভাল প্রশাসনিক কর্মকর্তা হিসেবে প্রতিষ্ঠিত করার লক্ষ্যে আমার পড়াশুনা চালাতে চাই। অন্যায়ের প্রতিবাদের প্রতীক হিসেবে বিদ্রোহী কবি কাজী নজরুল আমার প্রিয় ব্যক্তিত্ব। সে নিয়মিত ৪/৫ ঘন্টা লেখাপড়া করত। সে অংক ও ইংরেজিতে প্রাইভেট টিউটরের কাছে পড়াশুনা করেছে। জান্নাতুল ফেরদৌস একজন ভাল সঙ্গীত শিল্পী, জাতীয় পর্যায়ে একাধিকবার স্বর্ণ ও রৌপ্য পদক লাভ করে। '৯২ সালে জাপানের ফুকুওয়াতে অনুষ্ঠিত ৪র্থ এশীয় আঞ্চলিক শিশু সমাবেশে বাংলাদেশের প্রতিনিধিত্ব করে।

তার বাবা শাহ আনিসুজ্জামান একজন আইনজীবী ও স্থানীয় একটি দৈনিকের সম্পাদক, প্রকাশক, বাংলাদেশ মানবাধিকার বাস্তবায়ন সংস্থার রংপুর জেলা সভাপতি। মা রোখসানা বেগম একটি বেসরকারি সংস্থায় চাকরিরত। এক ভাই ও দু'বোনের মধ্যে সে কনিষ্ঠ।

সে বাংলাদেশের বর্তমান প্রচলিত ধারার ছাত্র রাজনীতির বিপক্ষে। তবে সে মনে করে সন্ত্রাসমুক্ত ছাত্র–রাজনীতি ছাত্রদের সচেতন করতে সাহায্য করে। প্রচলিত শিক্ষা ব্যবস্থাকে আরো যুগোপযোগী করে তোলা প্রয়োজন; তাতে মেধার আরো পরিপূর্ণ বিকাশের সুযোগ সৃষ্টি হবে বলে মিতি জানায়।

## ছাত্র রাজনীতি তুলে দেয়ার পক্ষে আবদুল্লাহ আল মুহিত

চট্টগ্রাম, ৯ই জুলাই (নিজস্ব বার্তা পরিবেশক)।– চট্টগ্রাম শিক্ষা বোর্ডের এবারের এসএসসি পরীক্ষায় বিজ্ঞান বিভাগে সম্মিলিত মেধা তালিকায় দ্বিতীয় স্থান অধিকার করেছে নাসিরাবাদ সরকারি উচ্চ বিদ্যালয়ের ছাত্র আবদুল্লাহ আল মুহিত। ৬ বিষয়ে লেটার মার্কসহ তার প্রাপ্ত নম্বর ৯১৯। চট্টগ্রাম মেডিক্যাল কলেজ হাসপাতালের প্যাথলজির প্রফেসর ডাঃ মোঃ আবদুল ওয়াহাব চৌধুরী ও গৃহিণী রওশনআরা বেগমের বড় ছেলে মুহিত বাবার মত ডাক্তার হতে চায়। মুহিত প্রতিটি বিষয়ে টিউটরের সাহায্য নিয়ে দৈনিক ৬/৭ ঘন্টা লেখাপড়া করলেও ফলাফল এত ভাল হবে আশা করেনি। তাই ভীষণ খুশি। এ ব্যাপারে সে মা–বাবা ও শিক্ষকের অবদানের কথা বলে। ছাত্র রাজনীতি সম্পর্কে তার স্পষ্ট বক্তব্য এটি তুলে দেয়া উচিত। তার প্রিয় ব্যক্তিত্ব কাজী নজরুল ইসলাম ও প্রিয় খেলা ক্রিকেট। ভাল ফলাফল করতে হলে তার মতে মা–বাবার নির্দেশ মেনে নিয়মিত রুটিনমাফিক পড়ালেখা চালিয়ে যেতে হবে।



নুরন্নাহার মজুমদার সমাজ বিজ্ঞানে মেয়েদের মধ্যে তৃতীয়। — সংবাদ